

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১০৯

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২০৫. মৃত ব্যক্তির জন্য শোক করা।

باب فِي التَّعْزِيَةِ

## আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبِ الْهَمْدَانِيُّ، حَدَّثَنَا الْمُفَضَّلُ، عَنْ رَبِيعَةَ بْنِ سَيْفِ الْمَعَافِرِيِّ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ، قَالَ قَبَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم والْعَرَفْنَا مَعَهُ فَلَمَّا حَاذَى بَابَهُ وَقَفَ فَإِذَا نَحْنُ بِامْرَأَةٍ مُقْبِلَةٍ اللَّهِ صلى الله عليه وسلم وَالْعَرَفْنَا مَعَهُ فَلَمَّا حَاذَى بَابَهُ وَقَفَ فَإِذَا نَحْنُ بِامْرَأَةٍ مُقْبِلَةٍ وَقَلَ أَظُنُّهُ عَرَفَهَا لِ فَلَمَّا ذَهَبَتْ إِذَا هِي فَاطِمَةُ لَي عَلَيْهَا السَّلاَمُ لَي فَقَالَ لَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " مَا أَخْرَجَكِ يَا فَاطِمَةُ مِنْ بَيْتِكِ " . فَقَالَ لَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " مَا أَخْرَجَكِ يَا فَاطِمَةُ مِنْ بَيْتِكِ " . فَقَالَ لَهَا رَسُولُ اللّهِ عليه وسلم " فَلَمَّ الْمُدَورَ بَنْ بَيْتِكِ " . فَقَالَ لَهَا رَسُولُ اللّهِ عليه وسلم " فَلَكَدُ بَيْهُمْ أَوْ عَزَيْتُهُمْ بِهِ . فَقَالَ لَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " فَلَعْتَ مَعَهُمُ الْكُدَى " . قَالَتْ مَعَاذَ اللّهِ وَقَدْ سَمِعْتُكَ تَذْكُرُ فِيهَا مَا تَذْكُرُ . قَالَ " لَوْ بَلَغْتِ مَعَهُمُ الْكُدَى " . قَالَتْ مَعَاذَ اللّهِ وَقَدْ سَمِعْتُكَ تَدْكُرُ فِيهَا مَا تَذْكُرُ . قَالَ " لَوْ بَلَغْتِ مَعَهُمُ الْكُدَى " . قَلَكَ تَشْدِيدًا فِي ذَلِكَ فَسَأَلْتُ رَبِيعَةَ عَنِ الْكُدَى

## বাংলা

৩১০৯. ইয়াযীদ ইবন খলিদ ইবন আবদিল্লাহ ইবন মাওহাব হামদানী (রহঃ) ..... আবদুল্লাহ ইবন আমর ইবন আস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে থেকে জনৈক মৃত ব্যক্তিকে দাফন করি। আমরা দাফনের কাজ সম্পন্ন করলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে আসেন এবং আমরও তাঁর সংগে ফিরে আসি। এরপর তিনি মৃত ব্যক্তির বাড়ীর দরওয়াযার নিকট পৌছে দাঁড়িয়ে যান। হঠাৎ আমরা সামনের দিক থেকে জনৈক মহিলাকে আসতে দেখি। রাবী বলেনঃ আমার ধারণা, তিনি তাকে চিনতে পারলেন। সে মহিলা চলে যাওয়ার পর জানা গেল যে, তিনি ছিলেন ফাতিমা (রাঃ)।

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে জিজ্ঞাসা করেনঃ কিসে তোমাকে তোমার ঘর থেকে বের করে এনেছে? তিনি বললেনঃ ইয়া রাসূলাল্লাহ! আমি এ মৃত ব্যক্তির পরিবারদের কাছে এ জন্য গিয়েছিলাম যে,



আমি তাদের সান্ত্বনা দেব এবং তাদের সাথে শোকে অংশ গ্রহণ করব। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে জিজ্ঞাসা কর, সম্ভবত তুমি তাদের সঙ্গে কবরস্থানেও গিয়েছিলে? এর জওয়াবে ফাতিমা (রাঃ) বলেনঃ আল্লাহ পানাহ! আমি তো আপনার কাছ থেকে মহিলাদের কবরস্থানে যাওয়ার নিষেধাজ্ঞা শ্রবণ করেছি। তখন তিনি বলেনঃ যদি তুমি তাদের সংগে যেতে, (তবে এর পরিণতি খারাপ হতো)। এরপর তিনি এ সম্পর্কে আরো কঠোর বক্তব্য পেশ করেন।

## **English**

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

We buried a deceased person in the company of the Messenger of Allah (ﷺ). When we had finished, the Messenger of Allah (ﷺ) returned and we also returned with him. When he approached his door, he stopped, and we saw a woman coming towards him.

He (the narrator) said: I think he recognized her. When she went away, we came to know that she was Fatimah.

The Messenger of Allah (ﷺ) said to her: What brought you out of your house, Fatimah?

She replied: I came to the people of this house, Messenger of Allah, and I showed pity and expressed my condolences to them for their deceased relation.

The Messenger of Allah (ﷺ) said: You might have gone to the graveyard with them.

She replied: I seek refuge in Allah! I heard you referring to what you mentioned.

He said: If you had gone to the graveyard...He then mentioned severe words about it.

I then asked Rabi'ah (a narrator of this tradition) about al-kuda (stony land). He replied: I think it means the graves.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন